দৈনিক ইত্তেফাক

তারিখ 26 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৫

# সীতাকুণ্ডু আলিয়া মাদ্রাসা ঘেরাও করিয়া অস্ত্রশস্ত্র উদ্ধার ॥ ১৫ জন শিবির কর্মী গ্রেফতার

চট্টগ্রাম অফিস ॥ গত বুধবার সীতাকুণ্ড ডিগ্রী কলেজে ছাত্রলীগ ও শিবিরের মধ্যে বন্দুক যুদ্ধের পরিপ্রেক্ষিতে থানা পুলিশ গতকাল (বৃহস্পতিবার) দুপুরে শিবিরের দুর্গ

(২য় পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## সীতাকুণ্ড

(১ম পৃঃ পর)

বলিয়া পরিচিত সীতাকুণ্ড আলীয়া মাদ্রাসা ঘেরাও করিয়া অস্ত্র-শস্ত্র সহ ১৫ জন শিবির কর্মীকে গ্রেফতার করিয়াছে। উদ্ধারকৃত অস্ত্রসমূহের মধ্যে রহিয়াছে ৩টি এলজি, ১টি পাইপগান, ২টি কার্তুজ, ১টি কিরিজ (লম্বা ধারালো অস্ত্র) ৩৪টি হাতবোমাসহ প্রচুর পরিমাণ কক টেল তৈরীর সরঞ্জামাদি। গ্রেফতারকৃত শিবির কর্মীরা হইতেছে, আবদুল্লাহ (২১), মুরাদ হোসেন (১৭), মোবারক হোসেন (২০), সাহাবউদ্দিন (১৮), শহীদুল হক মিলন (২০), আবুনাছের (২১) আজিমউদ্দিন (২২), হাফেজ আবদুর রহমান, শামসুদ্দিন (১৭), মোহাম্মদ জামান (১৯), হেলাল উদ্দিন (২০), শাহনেওয়াজ (২৩), আবুল বশার (১৮), নুরুন্নবী (২২), আমিনুল ইসলাম (১৮)। এদিকে সীতাকুণ্ড থানা নির্বাহী কর্মকর্তা সীতাকুণ্ড আলীয়া মাদ্রাসা হোস্টেল বন্ধ ঘোষণা-সহ বৃহস্পতিবার বিকাল ৩টার মধ্যে হোস্টেল ত্যাগ করার নির্দেশ দিয়াছেন।

গতকাল (বৃহস্পতিবার) বিকালে সীতাকুণ্ড থানা ছাত্রলীগের উদ্যোগে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। সভা হইতে অভিযোগ করা হয় যে, শিবিরের সন্ত্রাসীরা ভাটিয়ারী হইতে ছাত্রলীগের একজন কর্মীকে অপহরণ করিয়াছে।